

## জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট-এ অনুষ্ঠিত তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তাদের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক পরিচালিত “তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)”-এর ৪৯০ জন তথ্যসেবা কর্মকর্তাদের প্রশিক্ষণ ঢাকায় ০৪টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এবং ৯৮০ জন তথ্যসেবা সহকারীদের প্রশিক্ষণ বার্ড, কুমিল্লা ও আরডিএ, বগুড়ায় ফেব্রুয়ারী/২০১৯ থেকে শুরু করে পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণের মেয়াদ ১৫ দিন, প্রতি ব্যাচে ৫০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করবেন এবং প্রশিক্ষণটি আবাসিক।

১৬ই ফেব্রুয়ারী, ২০১৯ তারিখে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট-এ অনুষ্ঠিত তথ্যসেবা কর্মকর্তাদের ১ম ব্যাচের ১৫ দিন মেয়াদে অফিস ব্যবস্থাপনা, কম্পিউটার ফান্ডামেন্টালস এবং জেন্ডার সমতা ও প্রাথমিক স্বাস্থ্যসেবা বিষয়ক প্রশিক্ষণ কোর্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্সের উদ্বোধন করেন জনাব কামরুন নাহার, সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।



প্রধান অতিথি মহোদয় তাঁর বক্তব্যে উল্লেখ করেন দেশের অর্ধেক জনগোষ্ঠী নারী। তথ্য আপা প্রকল্পের তথ্য আপারা গ্রামীণ মহিলাদের তথ্য প্রযুক্তি সেবা প্রদানের পাশাপাশি নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধ, বর্ষাকালে শিশু ডুবে যাওয়া বিষয়সহ বিভিন্ন বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন।

